# এইচ এস সি পরীক্ষা 2016 এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

## বিষয় : অর্থনীতি ১ম পত্র (সৃজনশীল)

**বিষয় কোড : 1 0 9**

**সময়: ২ ঘন্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**[দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।]**

১. আবীর অর্থনীতিতে মাস্টার্স পাস করে একটি কারখানা দিতে চায়। সমাজে মানুষের বিভিন্ন দ্রব্যের চাহিদা বিভিন্ন করমের। এ বিষয়গুলো পর্যালোচনা করে সে মোটরসাইকেল উৎপাদনের সিদ্ধান্ত নিল। এজন্য তার প্রচুর মূলধনের প্রয়োজন। তাই সে বাবার নিকট থেকে টাকা নিয়ে সমাজের চাহিদার প্রতি সামঞ্জমস্য রেখে মোটরসাইকেল উৎপন্ন শুরু করলো।

ক) মৌলিক অর্থনৈতিক সমস্যা কাকে বলে? ১

খ) উপরিউক্ত অনুচ্ছেদে যেসব মৌলিক সমস্যার কথা বলা হয়েছে তা লেখো। ২

গ) মৌলিক অর্থনৈতিক সমস্যাগুলো রেখাচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৩

ঘ) এই সমস্যাগুলো কীভাবে সমাধান করা যায়? ব্যাখ্যা কর। ৪

২. **নিচে সূচিটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।**

| দ্রব্যের দাম | চাহিদার পরিমাণ একক | যোগানের পরিমাণ একক |
|---|---|---|
| ৩ | ১০ | ২০ |
| ২ | ১৫ | ১৫ |
| ১ | ২০ | ১০ |

ক) রেখার ঢাল কী? ১

খ) বিকল্প দ্রব্যের দাম পরিবর্তন হলে চাহিদা বিধি কার্যকের হয় না কেন? ২

গ) উদ্দীপকে বর্ণিত তথ্যের আলোকে ভারসাম্য বিষয়টি চিত্রের মাধ্যমে দেখাও। ৩

ঘ) সূচিতে উল্লিখিত প্রতিটি দামে যোগানের পরিমাণ ৫ একক বৃদ্ধি করলে ভারসাম্য কী রকম পরিবর্তন হবে? বিশ্লেষণ কর। ৪

৩. সাজুর ২ একর জমি আছে। ২০০৮ সাল থেকে তিনি উক্ত জমিতে টানা ৫ বছর গাজর চাষ করেন। ১ম বছর ১ জন শ্রমিক নিয়োগ দিয়ে উৎপাদন হয় ৪টন। গাজর উৎপাদন লাভজনক দেখে তিনি পরবর্তী প্রতি বছরই অতিরিক্ত ১ জন করে শ্রমিক নিয়োগ দেন এবং উৎপাদন হয় যথাক্রমে ১২ টন, ১৬ টন এবং ১৪ টন।

ক) উৎপাদন ব্যয় কী? ১

খ) শিল্পক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি অপেক্ষাকৃত দেরিতে কার্যকর হয় কেন? ২

গ) উদ্দীপকের ভিত্তিতে গাজরের মোট উৎপাদন রেখাটি অঙ্কন করো। ৩

ঘ) উদ্দীপকে গাজর উৎপাদনের সকল পর্যায়েই ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি কার্যকর হয়েছে কী? তোমার যুক্তির সপক্ষে মতামত দাও। ৪

http://teachingbd.com

৪. মি. হান্নান তার ছেলের বিয়ের স্বর্ণ কিনতে ঢাকার নিউমার্কেটে যান। অসংখ্য স্বর্ণের দোকান দেখে তিনি অভিভূত হন। বিভিন্ন দোকানে স্বর্ণের দামের কোনো পার্থক্য নেই জেনে তার ভাল লাগে।


ক) অর্থনীতিতে বাজার কী ? ১

খ) স্থানীয় বাজার বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের বাজারের ধরণ ব্যাখ্যা কর। ৩

ঘ) মি. হান্নানের ভাল লাগার কারণ বিশ্লেণ করো। ৪

৫. একটি ফার্মের শ্রমের চাহিদা ও যোগান রেখা চিত্রের মাধ্যমে প্রকাশ করা হলো-




ক) মজুরি কাকে বলে? ১

খ) শ্রমের চাহিদা ও যোগান কাকে বলে? ২

গ) কোন বিন্দুতে মজুরি নির্ধারিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) শ্রমের চাহিদা ও যোগান রেখার আকৃতি বিশ্লেষণ কর। ৪

৬. রহমান সাহেব একটি পাউরুটি কারখানার মালিক। বিভিন্ন কারণে তাঁর কারখানার লোকসান দেখা দিলে তিনি কারখানায় সাধারণত যন্ত্রপাতি, আসবাবপত্র, ভারি ও হালকা বৈদ্যুতিক সরঞ্জাম ও শিল্পের কাঁচামাল স্থানন্তরিত করে তার ভাইয়ের কারখানায় স্থানান্তরিত করেন এবং ভাই এর কারখানা ব্যবহার করেন। পরবর্তীতে তারা এক সাথে ব্যবসায় করে উন্নতি লাভ করেন।

ক) মূলধনের যোগান কাকে বলে? ১

খ) মুলধন কীভাবে গঠিত হয়? ২

গ) উদ্দীপকে মূলধনের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) মূলধরেন উক্ত দিকটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৭. দরিদ্র ছামেদ আলী তার ১৪ বছরের মেয়ে রেবেকা বেগমের বিয়ে দেয় পাশের গ্রামের রুস্তম শেখের সাথে। ৫ বছর যেতে না যেতেই তাদের ঘরে আসে আরও ৩টি নতুন মুখ। দিনমজুর রুস্তম ও রেবেকার সংসারে কেবল অভাব আর অভাব। প্রতিবেশী রেহানার পরামর্শে রেবেকা বেগম একটি সংস্থা থেকে আর্থিক সাহায্য এনে একটি ধান ছাটাই কল স্থাপন করেন। সংস্থাটি দেশি-বিদেশী উৎস থেকে অর্থ সংগ্রহ করে স্বেচ্ছাপ্রণোদিত হয়ে বিভিন্ন সমাজ উন্নয়নমূলক কাজ করে। এবার রেবেকা বেগমের ভাগ্য খুলে যায়।

Teachingbd.com

ক) সংগঠন কী? ১

খ) একমালিকানা কারবার বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের সংস্থাটিকে কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে উক্ত সংস্থার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮. নিচের সারণি থেকে প্রশ্নের উত্তর দাও:

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| আয় (Y) | 0 | 50 | 100 | 150 | 200 | 250 |
| ভোগ (C) | 50 | 75 | 100 | 125 | 150 | 175 |
| বিনিয়োগ ($1_0$) | 50 | 50 | 50 | 50 | 50 | 50 |

ক) স্বয়ম্ভুত ভোগ কী? ১

খ) বিনিয়োগ কত প্রকার ও কী কী? ২

গ) উদ্দীপকে প্রদত্ত তথ্য দ্বারা ভোগ এবং $C+1_0$ রেখা অংকন করে ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকে প্রদত্ত তথ্যের মাধ্যমে ভারসাম্য জাতীয় আয় বিশ্লেষণ করো। ৪

৯. প্রত্যেক দেশে কেন্দ্রীয় ব্যাংক থাকে একটি ; কিন্তু বাণিজ্যিক ব্যাংক থাকে একাধিক। বাংলাদেশের কয়েকটি উল্লেখযোগ্য ব্যাংক হলো বাংলাদেশ ব্যাংক এবং সোনালী ব্যাংক, জনতা, অগ্রণী, পূবালী, রূপালী, ডাচ-বাংলা,যমুনা,ইউনাইটেড প্রভৃতি।

ক) বাণিজ্যিক ব্যাংক বলতে কী বোঝ? ১

খ) কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের কোন কাজটি করে না? ২

গ) উপরিউক্ত ব্যাংকসমূহের মধ্যে কোনটি বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক এবং কেন? ৩

ঘ) উপরিউক্ত বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে কোনটি অনলাইন ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং ব্যবসার মাধ্যমে গ্রাহককে চলতি, সঞ্চয়ী ও মেয়াদি হিসাবে আমানত গ্রহণসহ অন্যান্য ব্যবসায়িক সেবা প্রদান করছে? ৪

Teachingbd.com

## বিষয় : অর্থনীতি ১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | 1 | 0 | 9 |

সময় : ৪০ মিনিট

পূর্ণমান-৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। ধনতন্ত্রে কার সার্বভৌমত্ব বজায় থাকে?
ক) উৎপাদনকারীর খ) ভোগকারীর
গ) বিনিয়োগকারীর ঘ) বন্টনকারীর

২। মিশ্র অর্থনীতিতে সরকারি ও বেসরকারি উভয় মালিকানাই লক্ষ করা যায়। নিচের কোনটি বেসরকারি মালিকানায় থাকে?
ক) রেলপথ খ) ডাক ও তার
গ) প্রাকৃতিক গ্যাস ঘ) ফার্মেসি

৩। মানুষের অভাব অসীম। কথাটির যথার্থ অর্থ কী?
ক) অভাব গণনা করা যায় খ) অভাব অপরিমেয়
গ) একটি অভাব পূরণ হলে অন্য অভাব দেখা দেওয়া
ঘ) অভাব সসীম

৪। মিশ্র অর্থনীতিতে বেসরকারি উদ্যোগের সঙ্গে সরকারি নিয়ন্ত্রণের সংমিশ্রণ ঘটে যে কারণে-
i) উৎপাদন সংগঠিত করতে
ii) বন্টন সংগঠিত করতে
iii) সামাজিক কল্যাণ নিশ্চিত করতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫। দামের পরিবর্তনের হার অপেক্ষা যোগানের পরিবর্তনের হার বেশি হলে কোনটি হবে?
ক) $E_m < 1$ খ) $E_m > 1$
গ) $E_m = 0$ ঘ) $E_m = \alpha$

৬। কোনটি নির্ভরশীল চলক?
ক) স্বাধীন খ) অধীন
গ) নিরপেক্ষ ঘ) বিচ্ছিন্ন

৭। Q4 =10-2P অপেক্ষকে ছেদক কত?
ক) $Q_4$ খ) 10
গ) –2 ঘ) P

৮। স্থিতিস্থাপকতা বেশি কোন ধরনের দ্রব্যের ক্ষেত্রে?
ক) নিত্য প্রয়োজনীয় দ্রব্য খ) নিকৃষ্ট দ্রব্য
গ) বিলাস দ্রব্য ঘ) স্বাভাবিক দ্রব্য

৯। উৎপাদন বৃদ্ধির ফলে গড় পরিবর্তনীয় ব্যয়-
i) প্রথম হ্রাস পায়
ii) পরে বৃদ্ধি পায়
iii) মাঝে স্থির থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০। উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেলে কোনটি বৃদ্ধি পায়?
ক) ক্রেতা খ) বিক্রেতা
গ) মোট ব্যয় ঘ) মোট লাভ

১১। মোট ব্যয় কোন সমীকরণের মাধ্যমে প্রকাশ করা যায়?
ক) $TC = f(Q)$ খ) $Q = (f(TC)$
গ) $TQ = f(C)$ ঘ) $C = f(TQ)$

১২। স্বল্পকালে কোনো দ্রব্যের উৎপাদন ব্যয়কে কয়ভাগে ভাগ করা যায়?
ক) ২ ভাগে খ) ৩ ভাগে
গ) ৪ ভাগে ঘ) ৫ ভাগে

১৩। কোন বাজারে ক্রেতা-বিক্রেতা এককভাবে দামকে প্রভাবিত করতে পারবে না?
ক) একচেটিয়া প্রতিযোগিতা খ) ডুয়োপালি
গ) পূর্ণ প্রতিযোগিতা ঘ) মনোপলি

১৪। পূর্ণ প্রতিযোগিতার বাজারে বিক্রেতা দামগ্রহীতা বলার কারণ হচ্ছে-
i) দাম নির্ধারণ করার কারণে
ii) দামকে নিয়ন্ত্রণ করতে না পারার কারণে
iii) চাহিদা ও যোগানের ঘাত-প্রতিঘাতে দাম নির্ধারিত হওয়ার কারণে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫। একচেটিয়া আদিপত্য সৃষ্টি হয় কেন?
ক) চাহিদা বৃদ্ধি পাওয়ায় খ) যোগান কমে যাওয়ায়
গ) বিজ্ঞাপন বেড়ে যাওয়ায় ঘ) বিকল্প দ্রব্য অনুপস্থিত থাকায়

১৬। স্বলকালে একচেটিয়া বাজারে হতে পারে-
i) P > AC
ii) P = AC
iii) AC > P > AVC
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৭। পায়েল শীতপ্রধান একটি দেশে পড়াশোনা করতে যায়। এ দেশের মানুষের ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?
ক) অধিক পরিশ্রমী খ) অলস প্রকৃতির
গ) মেধাবী ঘ) কম পরিশ্রমী

১৮। আকিব তার কাজের উপযুক্ত পারিশ্রমিক পায় না। এতে যেটি হতে পারে-
i) কর্মস্পৃহা হ্রাস
ii) দক্ষতা হ্রাস
iii) কাজের পরিমাণ বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯। কোন রেখাকে Backward Bending Supply Curve বলা হয়?
ক) চাহিদা রেখা
খ) যোগান রেখা
গ) শ্রমের যোগান রেখা
ঘ) উৎপাদন সম্ভাবনা রেখা

Teachingbd.com

http://teachingbd.com

২০। শ্রমের চাহিদা কীসের ওপর নির্ভর করে?
ক) শ্রমিকের প্রান্তিক উৎপাদন ক্ষমতা
খ) শ্রমিকের সংখ্যা
গ) শ্রমিকের কর্মক্ষমতা
ঘ) শ্রমিকের ভৌগোলিক অবস্থান

২১। যে মূলধন বহুদিন উৎপাদন কাজে ব্যবহার করা হয় তাকে কী বলে?
ক) চলতি মূলধন খ) মাঝারি মূলধন
গ) স্থায়ী মূলধন ঘ) বৃহৎ মূলধন

২২। নিচের কোনটি চলতি মূলধন?
ক) যন্ত্রপাতি খ) কয়লা
গ) কলকারখানা ঘ) বাড়ি

২৩। KY ফ্যাশন তাদের ব্যবসায় সম্প্রসারণের জন্য নির্মাণ ব্যয় বাড়িয়েছে। সেজন্য নতুন কোনো উৎপাদনে তারা যেতে পারেনি। এর দ্বারা কী প্রমাণ হয়েছে।
ক) চলতি মূলধনে ঘাটতি খ) স্থায়ী মূলধনের সঙ্কট
গ) প্রয়োজনাতিরিক্ত মজুত ঘ) উৎপাদন ব্যয় বৃদ্ধি

২৪। মূলধনকে বিশ্লেষণ করা যায়-
i) ব্যবসায়িক দৃষ্টিকোণ থেকে
ii) সামাজিক দৃষ্টিকোণ থেকে
iii) উৎপাদকের দৃষ্টিকোণ থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫। উৎপাদন কর্মকাণ্ডের সকল প্রকার ঝুঁকি, কে বহন করে?
ক) মালিক খ) উদ্যোক্তা
গ) শ্রমিক ঘ) সরকার

২৬। যে কোনো সময়ে একক এনট্রপ্রেনার এনজিও কোনদিকে ভিড়ে যেতে পারে?
ক) শাসক শ্রেণিতে খ) দলগত এনজিওতে
গ) শোষক শ্রেণিতে ঘ) জাতীয় এনজিওতে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব নজরুল ইসলাম ১০,০০০ টাকা মূলধন নিয়ে একটি নার্সারি গড়ে তোলেন এবং ফুলের চারা বিক্রি করে সংসারে আর্থিক সচ্ছলতা আনেন। কিন্তু এ বছর রৌদ্রে অনেক চারা মারা যায়। পূর্বের সঞ্চিত আয় দিয়ে নার্সারি সম্প্রসারণ করেন।

২৭। জনাব নজরুল ইসলামের ব্যবসা কোন ধরনের?
ক) ব্যক্তিগত খ) এক মালিকানা
গ) সমবায় ঘ) সামাজিক

২৮। জনাব নজরুল ইসলাম এর ব্যবসায় অসুবিধা হলো-
i) স্বল্প মূলধন
ii) সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব
iii) ঝুঁকির আধিক্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯। কোন বিষয়টি না হলে মানুষ খাজনা দিত না?
ক) মালিক না চাইলে খ) ভূমির যোগান সীমিত না হলে
গ) ভূমির দাম কম হলে ঘ) মুনাফা কম হলে

৩০। রিকার্ডোর মতে, জমির উর্বরা শক্তি ব্যবহারের নাম কী?
ক) যোগান খ) খাজনা
গ) চাহিদা ঘ) মূলধন

৩১। রিকার্ডোর মতে খাজনা দিতে হয়-
ক) সরঞ্জামের জন্য খ) স্থিতিস্থাপকতার জন্য
গ) উদ্বৃত্তের জন্য ঘ) অস্থিতিস্থাপকতার জন্য

৩২। রিকার্ডোর মতে খাজনা দিতে হয়-
i) ভূমির মৌলিক ক্ষমতার জন্য
ii) ভূমি ব্যবহারের জন্য
iii) অবিনশ্বর ক্ষমতার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৩। GNI এর উপাদান হলো-
i) সরকারি ভোগ ব্যয়
ii) ব্যক্তিগত ভোগ ব্যয়
iii) মোট বেসরকারি বিনিয়োগ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৪। জিডিপি ও বিদেশ থেকে প্রাপ্ত নিট আয়ের সমষ্টি মিলে কী পাওয়া যায়?
ক) GNI খ) NNI
গ) GDP ঘ) NNP

৩৫। প্রান্তিক উপযোগ কী?
ক) মোট উপযোগ বৃদ্ধি খ) প্রতি একক উপযোগ
গ) মোট উপযোগ হ্রাস ঘ) একক প্রতি মোট উপযোগ বৃদ্ধির হার

৩৬। GDP হলো-
i) দেশের অভ্যন্তরে উৎপাদিত দ্রব্য
ii) দেশের অভ্যন্তরে দেশিয়দের আয়
iii) দেশের অভ্যন্তরে বিদেশিদের আয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭। প্রাথমিক আমানতের সাথে ঋণ সৃষ্টির সম্পর্ক কী?
ক) প্রাথমিক আমানত বেশি হলে সৃষ্ট ঋণ বেশি হয়
খ) প্রাথমিক আমানত বেশি হলে সৃষ্ট ঋণ কম হয়
গ) প্রাথমিক আমানত কম হলে সৃষ্ট ঋণ বেশি হয়
ঘ) প্রাথমিক আমানত এবং সৃষ্ট ঋণের কোনো সম্পর্ক নেই

৩৮। ফেডারেল রিজার্ভ ব্যাংক এবং বাংলাদেশ ব্যাংক নিচের কোন কাজটি সম্পাদন করে?
ক) আমানত গ্রহণ
খ) ঋণ আমানত সৃষ্টি
গ) বিনিময় বিল বাট্টাকরণ
ঘ) বিনিময় নিয়ন্ত্রণ

৩৯। অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকলে কেন্দ্রীয় ব্যাংক ন্যূনতম রিজার্ভ করলে কী হয়?
ক) ন্যূনতম রিজার্ভ বাড়লে ঋণদান ক্ষমতা বাড়ে
খ) ন্যূনতম রিজার্ভ বাড়লে ঋণদান ক্ষমতা কমে
গ) ন্যূনতম রিজার্ভ বাড়লে ঋণদান ক্ষমতা অপরিবর্তিত থাকে
ঘ) ন্যূনতম রিজার্ভ কমলে ঋণদান ক্ষমতা কমে

৪০। ঋণ সৃষ্টির প্রক্রিয়া যে কারণে প্রভাবিত হতে পারে তা হলো-
i) মুদ্রানীতি
ii)দেশের রাজনৈতিক অবস্থা
iii) বৈদেশিক মুদ্রার প্রবাহ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

http://teachingbd.com